তারিখ 08 MAY 1997
পৃষ্ঠা ৬ কলাম ৪

দৈনিক সংবাদ

12

### অননুমোদিত মেডিক্যাল কলেজ

# সরকার ছাত্রদের পরীক্ষা গ্রহণ বা ডিগ্রির স্বীকৃতি প্রদান করবে না

সরকার অননুমোদিত মেডিক্যাল কলেজের ছাত্রদের পরীক্ষা গ্রহণ বা ডিগ্রির স্বীকৃতি প্রদান করবে না। ১৯৮০ সালের বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল আইনের সংশ্লিষ্ট বিধানমতে সরকারের বা ডেন্টাল কাউন্সিলের অনুমোদন ছাড়া চিকিৎসা শিক্ষা কোর্স বা প্রশিক্ষণ পরিচালনা করা এবং কোনরূপ ডিগ্রি, ডিপ্লোমা, লাইসেন্স বা সনদপত্র প্রদান করা নিষিদ্ধ এবং শাস্তিযোগ্য অপরাধ। এরূপ ক্ষেত্রে দু'বছর পর্যন্ত কারাদন্ড এবং জরিমানার বিধান রয়েছে।

এরূপ বাস্তব পরিস্থিতি সত্ত্বেও বেশকিছু বেসরকারি ব্যক্তি ও সংস্থা সরকার এবং বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিলের অনুমোদন ছাড়া বেসরকারি উদ্যোগে মেডিক্যাল বা ডেন্টাল কলেজ বা চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে চিকিৎসা শিক্ষা কার্যক্রম চালু করেছে অথবা করছে এবং এসব ব্যাপারে পত্রপত্রিকায় ছাত্রছাত্রীর ভর্তির বিজ্ঞাপন দিচ্ছে, যা সম্পূর্ণ অবৈধ ও শাস্তিযোগ্য অপরাধ। সরকার এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে বেআইনি কার্যক্রমে অংশ না নেয়ার জন্য পরামর্শ দিচ্ছে। এ ব্যাপারে অভিযুক্তদের বিরুদ্ধে অবিলম্বে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্যেও সরকারের পক্ষ হতে যথাযথ কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হয়েছে।

সংশ্লিষ্ট বিষয়ে সরকার জনগণকে প্রতারিত না হওয়ার জন্যে ইতোপূর্বেই বহুবার সতর্ক থাকার অনুরোধ জানিয়েছে। এতদসত্ত্বেও তথাকথিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে কেউ যেন প্রতারিত না হয় সে জন্যে সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হচ্ছে। ভর্তির ক্ষেত্রে কেউ সরকারি চিকিৎসা প্রতিষ্ঠানের সঠিক সরকারি স্বীকৃতি বা অনুমোদন বিষয়ে জানতে চাইলে স্বাস্থ্য অধিদফতর অথবা বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিলের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে। খবর সরকারি তথ্য বিবরণীর।